

## সংবাদ বিবৃতি

পুলিশের বিরুদ্ধে গুমের শিকার ব্যক্তিদের পরিবারের ওপর চাপ প্রয়োগের অভিযোগ  
হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি)’র গভীর উদ্বেগ এবং অনতিবিলম্বে  
এ অপতৎপরতা বন্ধ করে গুমের শিকার ব্যক্তিদের সন্ধান নিশ্চিত করার দাবি

[১৪ জানুয়ারি ২০২২, ঢাকা] গুমের শিকার ব্যক্তিদের পরিবারের ওপর নানাভাবে চাপ প্রয়োগের অভিযোগ উঠেছে পুলিশের বিরুদ্ধে। পরিবারের সদস্যদের খানায় ডেকে পাঠানো, বাসায় গিয়ে নানাভাবে জেরা করা এবং ক্ষেত্রবিশেষে সাদা কাগজে বা পূর্ব থেকে লিখিত বক্তব্যে স্বাক্ষর নেয়া চেষ্টা করা হচ্ছে বলে বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত সংবাদ থেকে জানা যাচ্ছে। আরো জানা যাচ্ছে যে, পরিবারগুলোকে চাপ প্রয়োগ করা হচ্ছে তাদের অবস্থান বা বক্তব্য পরিবর্তন করে উক্ত ব্যক্তি ‘নিখোঁজ’ রয়েছেন বলে উল্লেখ করার জন্য। এছাড়া পরিবারগুলোতে তথ্য গোপন করারও অপবাদ দেয়া হচ্ছে বলে জানা যাচ্ছে। হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি)- এ ঘটনায় গভীর উদ্বেগ ও ক্ষোভ প্রকাশ করেছে। পাশাপাশি দ্রুততার সাথে পুলিশের এমন আচরণ বন্ধে নির্দেশনা প্রদান, ভুক্তভোগী পরিবারগুলোর নিরাপত্তা নিশ্চিত করা এবং গুমের শিকার ব্যক্তিদের সন্ধান প্রদানের জন্য জোর দাবি জানাচ্ছে।

ফোরাম পুলিশের এমন আচরণের তীব্র প্রতিবাদ জানাচ্ছে। পুলিশ তাদের ওপর অর্পিত দায়িত্ব পালন করার মাধ্যমে স্বজনদের ফিরিয়ে দেয়ার পরিবর্তে ভুক্তভোগী পরিবারগুলোর দুর্দশা আরো বাড়াচ্ছে। পুলিশের পক্ষ থেকে যদিও এটিকে তাদের প্রথাগত দায়িত্ব পালনের অংশ হিসেবে উল্লেখ করা হয়েছে তথাপি ভুক্তভোগী পরিবারগুলোর বক্তব্যেও সাথে তাদের এ দাবি সামঞ্জস্যপূর্ণ নয়।

সরকার মানবাধিকার লঙ্ঘনের গুরুতর অভিযোগসমূহ বিবেচনায় নিয়ে সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্তসাপেক্ষে ন্যায়বিচার প্রতিষ্ঠা করতে ব্যর্থ হয়েছে। এ প্রেক্ষিতে ফোরাম সরকারের কাছে মানবাধিকার লঙ্ঘনের অভিযোগ প্রত্যাখান করার চলমান প্রবণতা পরিহার করে জবাবদিহিতা ও ন্যায়বিচার প্রতিষ্ঠার লক্ষ্যে নিম্নোক্ত দাবি জানাচ্ছে-

- অনতিবিলম্বে আইন-রক্ষাকারী বাহিনীর এমন আচরণ বন্ধে সরকারের সর্বোচ্চ পর্যায় থেকে নির্দেশনা প্রদান করা;
- এ হযরানির সাথে যারা জড়িত রয়েছেন এবং যারা নির্দেশনা প্রদান করেছেন সুষ্ঠু তদন্তসাপেক্ষে তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা;
- গুমের শিকার ব্যক্তিদের পরিবার ও স্বজনদের নিরাপত্তা নিশ্চিত করা;
- গুমের শিকার ব্যক্তিদের অবিলম্বে খুঁজে বের করে পরিবারের কাছে হস্তান্তর করা, তাদের যথাযথ ক্ষতিপূরণ প্রদান করা এবং জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করার মাধ্যমে ন্যায়বিচার প্রতিষ্ঠা করা;
- আইন-রক্ষাকারী বাহিনীর বিরুদ্ধে সকল লঙ্ঘনের অভিযোগের দ্রুত ও স্বাধীন তদন্ত নিশ্চিত করে দায়ীদের বিচারের আওতায় আনাসহ জোরপূর্বক অন্তর্ধান থেকে সকল নাগরিকদের সুরক্ষা প্রদানসংক্রান্ত আন্তর্জাতিক সনদ স্বাক্ষর করা এবং সে অনুযায়ী জাতীয় আইনি কাঠামোতে প্রয়োজনীয় পরিবর্তন আনা।

### Secretariat:

Ain o Salish Kendra (ASK)

2/16, Block-B, Lalmatia, Dhaka-1207

Phone: +88-02-810 0192, 810 0195, 810 0197 | HRFB Email: hrfb.20@gmail.com | Website: https://hrf-bd.org/

### Experts:

Dr. Hameeda Hossain, Sultana Kamal and Raja Devasish Roy

### Forum Members:

Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Association for Land Reform and Development (ALRD), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mahila Parishad (BMP), FAIR, Kapaeeng Foundation, Karmojibi Nari (KN), Manusher Jonno Foundation (MJF), Nagorik Uddyog, Naripokkho, National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB), Women with Disabilities Development Foundation (WDDF).